

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

## (প্রেস বিজ্ঞপ্তি)

১৫ আগস্ট ২০২১খ্রি.

### জাতীয় শোক দিবসের আলোচনা সভায় মেয়র বঙ্গবন্ধুর চেতনায় নতুন প্রজন্মকে উদ্ভাসিত করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বাংলাদেশের ঐতিহাসিক মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধাদের আন্দোলনের ইতিহাসের পাতায় দুবতারার মতো জ্বলজ্বল করা এক নক্ষত্রের নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। যিনি আমৃত্যু ঐশ্বর্য দেখেছেন ক্ষুধা-দারিদ্র মুক্ত, ন্যায় ও সাম্যের একটি দেশের। বঙ্গবন্ধুর চেতনায় নতুন প্রজন্মকে উদ্ভাসিত করা গেলেই আদর্শ বাংলাদেশ গড়া সম্ভব হবে। জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত থিয়েটার ইনস্টিটিউট হলে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ কথা বলেন।

চসিক সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুমে সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, ঐশ্বর্য বক্তব্য রাখেন সচিব খালেদ মাহমুদ। আরো বক্তব্য রাখেন- প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, মোহাম্মদ ইসমাইল, আবদুল মান্নান, গাজী শফিউল আজিম, মোহাম্মদ শহীদুল আলম, মো. আবদুল বারেক, নুরুল আমিন, শৈবাল দাশ সুমন, শাহেদ ইকবাল বাবু, মো. এসরাফুল হক, মো. মোবারক আলী, আবুল হাসনাত মো. বেলাল, সংরক্ষিত কাউন্সিলর আফরোজা কালাম, নীলু নাগ, আঞ্জুমনা আরা, শাহীন আক্তার রোজী, শাহনুর বেগম, তছলিমা বেগম (নুরজাহান), রুমকি সেনগুপ্ত, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, শিক্ষক মো. আলী আকবর প্রমুখ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম বঙ্গবন্ধুর অনেক স্মৃতিময় ভূ-খণ্ড। আজিজ-জুল্লুর-হাম্মান-মান্নান-মহিউদ্দিন চৌধুরী এরা সকলেই চট্টগ্রামের অবিদ্যমান আত্মা। তাদের পথ অনুসরণ করে আমাদের সামনের দিকে আগাতে হবে। দল টানা তিনবার ক্ষমতায়। তাই সুবিধাভোগীরা দলে ভীড় করছে। এদের কাছ থেকে আমাদেরকে সতর্ক থাকতে হবে এবং বঙ্গবন্ধুর ঐশ্বর্য বাংলাদেশ গড়তে আমাদের শুদ্ধাচারী হতে হবে।

চসিকের উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে চসিক প্রধান, আঞ্চলিক, ওয়ার্ড কার্যালয় ও চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতাল সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত করণ, কালো ব্যাজ ধারণ, নগর ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ, খতমে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাত, মেমন জেনারেল হাসপাতালে দিনব্যাপী ঐশ্বর্যসেবা কার্যক্রমের উদ্বোধন, থিয়েটার ইনস্টিটিউট প্রাঙ্গণে বৃক্ষ রোপন কর্মসূচি ও বাদ যোহর সিটি কর্পোরেশন পরিচালিত মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসা সমূহে মিলাদ ও বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হয়। এছাড়া নগরীর প্রতিটি মোড়ে মোড়ে দুঃস্থ, অসহায় ও খেটে খাওয়া মানুষের মাঝে রান্না করা খাবার বিতরণ করা হয়।

### চসিকের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ডোর টু ডোর বিশেষ ক্যাম্পেইন

আজ ১৬ আগস্ট-২১খ্রিঃ সোমবার সকাল ১১ টায় চান্দগাঁও আবাসিক এলাকায় বি-ব্লকের ১১নং সড়কে জুম অ্যাপের মাধ্যমে নগরীর ৪১টি ওয়ার্ডে একযোগে 'ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ডোর টু ডোর বিশেষ ক্যাম্পেইনের' আয়োজন করা হয়েছে। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কার্যক্রমের উদ্বোধন করবেন। অনুষ্ঠনে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

#### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩